তারিখঃ- ১১ ডিসেম্বর,২০২৪ ইং

# মাসকো ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৫

ব্যাডমিন্টন খেলা সুষ্টভাবে সম্পন্ন করার জন্য কমিটি কর্তৃক কিছু নির্দেশনা প্রদান করা হল ঃ

০১) প্রতিটি টিম যেদিন তাদের খেলা থাকবে তার ৩০ মিনিট পূর্বে মাঠে উপস্থিত থাকতে হবে। কেহ যদি যথাযথ কারণ ব্যতীত ১০ মিনিট আগে উপস্থিত হতে না পারেন তবে কমিটি তাদের বিপরীত টিমকে ওয়াক ওভার দিতে পারবেন।

০২) প্রথম গেম শেষ হওয়ার পর ২য় গেম শুরু হবে ২ মিনিট পর। যদি ম্যাচটি ৩য় হয় তবে ৩য় গেমের পূর্বে ০৫ মিনিট পর্যন্ত সময় বিরতি হিসেবে প্রত্যেক দল পাবেন।

০৩) ব্যাডমিন্টন টিমকে মোট ৪টি গ্রুপে ভাগ করা হয়েছে। ছেলেদের গ্রুপে ৪টি করে দল থাকবে এবং মেয়েদের গ্রুপে ৪টি করে দল থাকবে। ইতিমধ্যে লটারীর মাধ্যমে গ্রুপ নির্ধারন করা হয়েছে।

০৪) প্রত্যেকটি গ্রুপের প্রতি দলের সাথে প্রতি দলের লিগ ভিত্তিতে খেলা হবে এবং সর্বোচ্চ পয়েন্টের ভিত্তিতে ১ম দল সরাসরি সেমিফাইনাল খেলবে।

০৫) প্রতি গেমে জয়ী টিম ২ করে পয়েন্ট অর্জন করবে। যারা হেরে যাবে তাদের পয়েন্ট ০ (শূন্য) থাকবে।

০৬) বর্তমানে প্রচলিত আর্ন্তজাতিক ব্যাডমিন্টন নিয়ম অনুযায়ী পয়েন্ট গণনা করে খেলা পরিচালিত হবে।

০৭) একটি টিমে ৩ জন খেলোয়াড়, ১ জন কোচ ও ১ জন ম্যানেজার থাকতে পারবেন। ছেলে ও মেয়েদের জন্য কোচ ও ম্যানেজার অপরিবর্তিত থাকবেন।

০৮) যেই দিন যাহাদের খেলা থাকবে তাহারা যে কোন ২ জন খেলতে পারবেন এবং খেলার দিন তাহাদের নাম কমিটির কাছে জমা দিতে হবে।

০৯) খেলা চালু হয়ে যাওয়ার পর কোন ভাবেই খেলোয়াড় পরিবর্তন করা যাবে না।

১০) খেলার মধ্যে অযথা কথা বলা বা বিপরীত টিমের কাউকে কটাক্ষ্য করে কিছু বলা যাবে না।

১১) টুর্নামেন্টের শুরু থেকে শেষ পর্যন্ত কমিটির গৃহীত সিদ্ধান্তই সঠিক বলে বিবেচিত হবে। যদি এমন কোন পরিস্থিতির উদ্ভব হয় যাহা কিনা এখানে উল্লেখ নেই এমতাবস্থায় কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১২) টুর্নামেন্টটি সঠিক ভাবে ও সময়মত শেষ করার জন্য প্রত্যেকটি টিমের খেলোয়াড় ও সব কর্মকর্তাদের সহযোগিতা কামনা করছি।

টুর্নামেন্ট কমিটির পক্ষে: